# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৬

১/ বিবিধ

আরবী

ما من شيء إلا له توبة، إلا صاحب سوء الخلق، فإنه لا يتوب من ذنب إلا عاد في شر منه

موضوع

أخرجه الطبراني في " المعجم الصغير " (ص 114) والأصبهاني في " الترغيب " (151 / 1) من طريق عمرو بن جميع عن يحيى بن سعيد الأنصاري عن محمد بن إبراهيم التيمي عن أبيه عن عائشة مرفوعا

وقال الطبراني: لم يروه عن يحيى إلا عمرو، ولا يروى عن عائشة إلا بهذا الإسناد

قلت: وهو موضوع، فإن عمرا هذا قال النقاش: أحاديثه موضوعة وكذبه يحيى بن معين وقال ابن عدي: كان يتهم بالوضع، ومنه تعلم أن قول الحافظ العراقي في " تخريج الإحياء " (3 / 45) بعد أن عزاه للطبراني: وإسناده ضعيف، قصور إلا أن يلاحظ أن الموضوع من أنواع الضعيف كما هو مقرر في المصطلح

وقال الحافظ الهيثمي في " مجمع الزوائد " (8 / 25) : رواه الطبراني في " الصغير "، وفيه عمرو بن جميع وهو كذاب

والحديث أورده السيوطي في " الجامع " برواية أبي الفتح الصابوني في " الأربعين " عن عائشة ويعترض عليه من وجهين

الأول: إيراده فيه مع أنه ليس على شرطه لتفرد الكذاب به

الآخر: اقتصاره في العزو على الصابوني فأو هم أنه ليس عند من هو أشهر منه

ثم إن الحديث أورده العراقي شاهدا للحديث الذي قبله وليس بصواب لأمرين
الأول: أنه ليس فيه أن سوء الخلق ذنب لا يغفر
الآخر: أنه ليس فيه: " وسوء الظن خطيئة تفوح " وهو تمام الحديث قبله

বাংলা

১২৬। অসৎ চরিত্রের অধিকারী ব্যাতিত এমন কোন গুনাহ নেই যার জন্য তওবা নেই। কারন সে যখনই গুনাহ হতে তওবা করে তখনই সে তার চেয়েও নিকৃষ্ট গুনহার মধ্যে পতিত হয়।

হাদীসটি জাল।

হাদীসটি তাবরানী “মুজামুস সাগীর" গ্রন্থে (পৃঃ ১১৪) এবং ইস্পাহানী “আত-তারগীব” গ্রন্থে (১/১৫১) আমর ইবনু জামী সূত্রে ... উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটি বানোয়াট। কারণ আমর সম্পর্কে নাক্কাশ বলেনঃأحاديثه موضوعة وكذبه يحيى بن معين তার হাদিসগুলো বানোয়াট এবং তাকে ইহইয়া ইবনু মাঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন।

ইবনু আদী বলেনঃ كان يتهم بالوضع তাকে জাল করার দোষে দোষী করা হত।

হাফিয হায়সামী “মাজমাউয যাওয়াইদ” গ্রন্থে (৮/২৫) বলেছেনঃ এটিকে তাবারানী বর্ণনা করেছেন। এ সনদে মিথ্যুক আমর ইবনু জামী’ রয়েছেন। সুয়ূতী হাদীসটি "জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। কিন্তু তা তার শর্ত মোতাবেক হয়নি। সনদে মিথ্যুক ব্যক্তি এককভাবে বর্ণনা করার কারণে।

"তাখরীজুল ইহইয়া" গ্রন্থে (৩/৪৫) ইরাকী কর্তৃক শুধুমাত্র হাদীসটির সনদ দুর্বল বলেই শেষ করাও ঠিক হয়নি। তবে যদি এ দৃষ্টিকোণ থেকে বলে থাকেন যে, জাল তো দুর্বল হাদীসেরই একটি প্রকার, তাহলে সমস্যা নেই।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5387

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন